



সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ

E-mail:

Sirajgonjpbs02@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২১.৫০৩৫

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৮

২৮ আগস্ট ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: পদোন্নতির মাধ্যমে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেশ্বার সার্ভিস কো-অর্ডিনেটর পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রসংগে।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মরত প্রার্থীগণের নিকট হইতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হইতেছে।

ক্রঃনং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা
০১	পাওয়ার ইউজ/ মেশ্বার সার্ভিস কো-অর্ডিনেটর	(ক) ওয়্যারিং পরিদর্শক পদে নূন্যতম ১০(দশ) বছরের অথবা ইলেকট্রিক্যাল / পাওয়ার ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা ডিগ্রীসহ ওয়্যারিং পরিদর্শক হিসাবে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। (খ) বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হইতে হইবে। (ঘ) ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতা থাকিতে হইবে। (ঙ) জনগণের সহিত কাজ করার মানসিকতা থাকিতে হইবে। (চ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ হইতে হইবে। (ছ) ওয়্যারিং পরিদর্শক পদে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকিতে হইবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করিয়া সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র সহ আগামী ১১/০৯/২০২১খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জে উপস্থিত হইয়া নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

০২। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজ পত্র সংযুক্ত করিতে হইবেঃ

- (ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের অনুলিপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি।
(ঙ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি রঞ্জিন পাসপোর্ট সাইজের ছবি।
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়ন পত্র।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।
(জ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হইবে নাঃ

- (ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;
(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হইয়াছেন ;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হইয়াছেন ;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হইবেন না ;
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকিলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন না;

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হইবেঃ

- (ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের “পদ বিবরণী” তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করিতে হইবে।
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ -এ উল্লেখিত বিধান / শর্তাদি পূরণ করিতে হইবে।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হইবে।
০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি সংরক্ষণ করা হইবে।
০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় (সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর (আংশিক), কাজিপুর, বেলকুচি, কামারখন্দ ও চৌহালী (আংশিক) উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত) স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগন আবেদন করিতে পারিবেন না।
০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথ ভাবে অনুসরণ করা হইবে। উক্ত ধারা মোতাবেক কেহ যোগ্যতা সম্পন্ন না হইলে আবেদন করার প্রয়োজন নাই।
০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ যথাযথভাবে প্রতিপালন করা হইবে।
১০। অত্র সমিতির এলাকা পরিচালক /পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীর স্বামী/ স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কাহারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করিয়া কোন প্রার্থী আবেদন করিলে/ নিয়োগ প্রাপ্ত হইলে

প্রমান স্বাপেক্ষে চাকরিচ্যুত করা সহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে।

১০। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ প্রদান করা হইবে। চলতি দায়িত্ব পালনকালীন সময়ের কর্মসম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হইবে।

১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যাইতে পারে।

১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হইবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।



২৮-৮-২০২১

অখিল কুমার সাহা

জেনারেল ম্যানেজার

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) (সদয় অবগতি ও আপনার দপ্তরের নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধ সহ)

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ৭) ডিজিএম (কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি), সিরাজগঞ্জ পবিস-২।
- ৮) এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), সিরাজগঞ্জ পবিস-২।
- ৯) এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/পিপুলবাড়ীয়া/তামাই সাব জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
- ১০) জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশ সহ)।
- ১১) নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
- ১২) অফিস/মাস্টার কপি।